কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড
"এই যুগ
অ্যাপ"
এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]


HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 7 JULY 2026 ,TUESDAY | ৭ জুলাই ২০২৬ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-215


## ড: শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫ তম জন্মজয়ন্তী অনুষ্ঠানে উপস্থিত অমিত শাহ





**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,৬ জুলাই :** সোমবার কলকাতায় বিশ্ব বাংলা মেলা প্রাঙ্গনে পশ্চিমবঙ্গ সরকারের বিশেষ উদ্যোগে মহাসমারোহে পালিত হল ভারত কেশরী ড: শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫ তম জন্মজয়ন্তী । মঞ্চে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ ছাড়াও উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ,মাখনলাল সরকার এবং রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য সহ বিশিষ্ট জনেরা । প্রত্যেকেই ড: শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করেন।এদিন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেন ,"ড: শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় যে বীজ বপন করেছিলেন ,আজ গোটা দেশের মানুষ তার সুফল ভোগ করছেন"। এক ভিডিও বার্তায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানান , "এক ভারতের জন্য এই মহান নেতা ড: শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় নিজেকে দেশের জন্য উৎসর্গ করেছেন"।

## বারুইপুরের ঘটনায় দোষীদের কঠোরতম শাস্তির দাবি মন্ত্রী অগ্নিমিত্রা পালের



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,৬ জুলাই :** বারুইপুরের ঘটনায় দোষীদের কঠোরতম শাস্তি হবেই ,সোমবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে বারুইপুর ঘটনার প্রতিক্রিয়ায় এ কথাই জানালেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। তিনি আরও বলেন , " আমরা মুখ্যমন্ত্রীর সৈনিক হিসেবে আশ্বস্ত করছি যে, বারুইপুরে শিশুকন্যাকে যেরকম নৃশংসভাবে খুন করা হয়েছে ,সেই ঘটনায় খুনির কোনও জাত ,ধর্ম বা কোন রাজনৈতিক দলের কর্মী বা সমর্থক সেগুলো দেখা হবে না । দোষীকে উপযুক্ত শাস্তি দেওয়া হবে। আমরা সরকারে যখন ছিলাম না তখন যেভাবে অত্যাচারিত মহিলাদের পাশে সক্রিয়ভাবে থেকেছি এখনও সেভাবেই আক্রান্ত বা অত্যাচারিত মহিলাদের পাশে সক্রিয় ভাবেই থাকবো।

# শালকুমার এলাকার প্রধান গ্রেফতার ,তোলা হলো আদালতে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ জুলাই :** ২০২৪ সালের আরজি কর কাণ্ডের প্রতিবাদে শালকুমার এলাকায় বিজেপির প্রতিবাদ মিছিলে হামলার ঘটনায় গ্রেপ্তার হলেন শালকুমার ২ নম্বর গ্রাম পঞ্চায়েত অঞ্চলের প্রধান সঞ্জয় রাভা এবং তৃণমূল কংগ্রেসের প্রাক্তন যুব সভাপতি দীপক মাঝি।পুলিশ সূত্রে জানা গিয়েছে, আরজি কর কাণ্ডের প্রতিবাদে বিজেপি কর্মীরা শালকুমার এলাকায় একটি মিছিল বের করলে তাদের ওপর হামলার অভিযোগ ওঠে। সেই ঘটনায় দায়ের হওয়া মামলার তদন্তে রবিবার এই দুই অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়।এছাড়াও, চলতি বিধানসভা নির্বাচনকে কেন্দ্র করে পিস্তল দেখিয়ে ৫০ হাজার টাকা তোলা আদায় এবং প্রাণনাশের হুমকি দেওয়ার অভিযোগেও তাঁদের বিরুদ্ধে পৃথক মামলা রয়েছে বলে পুলিশ জানিয়েছে।সোমবার ধৃত দুই অভিযুক্তকে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলা হয়। তদন্তের স্বার্থে তাঁদের ৭ দিনের পুলিশি হেফাজতের আবেদন জানিয়েছে সোনাপুর ফাঁড়ির পুলিশ।পুলিশের দাবি, দুই মামলারই তদন্ত চলছে। ঘটনার সঙ্গে অন্য কেউ জড়িত রয়েছেন কি না এবং অভিযোগের সমস্ত দিক খতিয়ে দেখা হচ্ছে।

# সংঘের নেত্রীদের গ্রেফতার করলো পুলিশ





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ জুলাই :** আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের স্বনির্ভর গোষ্ঠীর সংঘের নেত্রী রিনা দাস দেবনাথ এবং সীমা সরকারকে গ্রেফতার করে আলিপুরদুয়ার আদালতে পাঠিয়েছে শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। কোটি টাকার দুর্নীতির অভিযোগ দায়ের হয়েছিল রিনা দাস দেবনাথ এর বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছিলেন মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা। রবিবার কোকরাঝাড় এলাকা থেকে তাদেরকে গ্রেফতার করে পুলিশ।

# রাজাভাতখাওয়া এনআইসি তে প্রশাসনিক বৈঠক করলেন বনমন্ত্রী




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ জুলাই :** আগামী দুই অক্টোবর বক্সা জঙ্গলে বাঘ আনা হচ্ছে সেই বিষয়ে এদিন রাজভাতখাওয়া এনআইসি তে এক প্রশাসনিক বৈঠক আয়োজিত হল। এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন বনমন্ত্রী মনোজ কুমার ওরাঁও, সরাষ্ট্র প্রতিমন্ত্রী বিশাল লামা, সাংসদ মনোজ টিগ্গা, জেলাশাসক, পুলিশ সুপার সহ বনদফতরের আধিকারিকরা উপস্থিত ছিলেন। বৈঠকে বনদফতরের আধিকারিকরা তুলে ধরেন কিভাবে বক্সা জঙ্গলে বাঘ আনা হবে এবং কিভাবে ছাড়া হবে এবং তার প্রতি নজর রাখা হবে। বক্সা জঙ্গলে ২৫ মাইল এলাকায় বাঘ রাখার জন্য এনক্লোজার তৈরি হচ্ছে এদিন বনমন্ত্রী সেই এনক্লোজার ও পরিদর্শন করেন। এদিন বনমন্ত্রী জানান মাদা বাঘ ছাড়া হচ্ছে। এবং বনদফতর সবদিক থেকেই প্রস্তুত বাঘ ছাড়ার জন্য। বনমন্ত্রী জানান বিহার অথবা অসমের মানস থেকে বাঘ নিয়ে আসার চেষ্টা চলছে। এবং প্রথমে বাঘ এনক্লোজারে রাখা হবে পরিবেশ সাথে খাপ খাওয়ানোর পর জঙ্গলে ছেড়ে দেওয়া হবে। বাঘ আনার জন্য বক্সা জঙ্গলের জয়ন্তী গ্রামের বাসিন্দাদের বনছায়া বস্তিতে স্থানান্তরিত করা হবে। এবং তাদের ক্ষতিপূরণ দেওয়া হবে তাদের কোনো দাবি দাওয়া থাকলে সেগুলো পূরণ করার চেষ্টা করা হবে।



# ড: শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫ তম জন্মজয়ন্তী উপলক্ষে তার বাসভবনে শ্রদ্ধা জানালেন রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,৬ জুলাই :** ভারত কেশরী ড: শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫ তম জন্মজয়ন্তী উপলক্ষে সোমবার সকালে দক্ষিণ কলকাতার ভবানীপুরে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের বাসভবনে গিয়ে শ্রদ্ধা জানালেন রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ । ড: শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের জন্মদিবসে রাজ্যে সরকারি ছুটির ঘোষণা  করেছে রাজ্য সরকার। পশ্চিমবঙ্গে বিজেপি সরকার ক্ষমতায় আসার পর প্রথমবার রাজ্য জুড়ে আনন্দের সাথে ড: শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের জন্মদিন পালন করা হল।

# পথ দুর্ঘটনায় মৃত্যু বাইক আরোহীর



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ জুলাই :** পথ দুর্ঘটনায় মৃত্যু হল এক ব্যক্তির ঘটনাটি ঘটেছে ৩১ নম্বর জাতীয় সড়কের মাঝেরডাবড়ী গ্রাম পঞ্চায়েতের দুর্গা বাড়ী এলাকায়।  সোমবার রাতে এই দুর্ঘটনাটি ঘটেছে। মৃত ব্যক্তির নাম বাবাই রায় । বয়স ৩৫ বছর। এদিন বাইক নিয়ে বাড়ি ফেরার পথে এই দুর্ঘটনা ঘটে। ঘটনাস্থলেই মৃত্যু হয়েছে তার ।  পুলিশ তার মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |